12. ঘর্ষণ গুনাঙ্ক বস্তুর ওজন বৃদ্ধির সাথে সাথে —

ক একই থাকে খ বৃদ্ধি পায়
গ প্রথমে বৃদ্ধি পায়, পরে হ্রাস পায়
ঘ হ্রাসপ্রাপ্ত হয়

◆ ক একই থাকে

ব্যাখ্যা: বস্তুর ওজন বৃদ্ধি পেলেও ঘর্ষণ গুণাঙ্ক একই থাকে।

13. মসৃণ স্পর্শতলে ঘর্ষণ বল —

ক বৃদ্ধি পায় খ অপরিবর্তনশীল
গ স্পর্শতলের প্রকৃতির উপর নির্ভর করে না
ঘ হ্রাস পায়

◆ ঘ হ্রাস পায়

ব্যাখ্যা: মসৃণ স্পর্শতলে ঘর্ষণ বল হ্রাস পায়।

14. ঘর্ষণ বল একটি —

ক অপচয়ী বল খ স্পর্শহীন বল
গ মহাকর্ষ বল ঘ কোনোটিই নয়

◆ ক অপচয়ী বল

ব্যাখ্যা: ঘর্ষণ বল একটি অপচয়ী বল।

15. S.I. পদ্ধতিতে জলের ঘনত্ব —

ক 1000 g/cm^3 খ 100 g/cm^3
গ 10 g/cm^3 ঘ 1 g/cm^3

◆ ঘ 1 g/cm

ব্যাখ্যা: S.I. পদ্ধতিতে জলের ঘনত্ব 1 g/cm^3

16. চাপ (P) বল (F) ও ক্ষেত্রফলের (A) মধ্যেকার সঠিক সম্পর্ক হল —

ক F = PA খ P = A/F
গ F = P/A ঘ A = FP

◆ ক F = PA

ব্যাখ্যা: চাপ (P) বল (F) ও ক্ষেত্রফলের (A) মধ্যে সম্পর্ক হল
প্রযুক্ত বল = চাপ × ক্ষেত্রফল
F = PA

17. তরলের চাপ -

ক সবদিকে সমানভাবে ক্রিয়া করে
খ কেবলমাত্র উপরের দিকে ক্রিয়া করে
গ কেবলমাত্র নিচের দিকে ক্রিয়া করে
ঘ কেবলমাত্রা পাশের দিকে ক্রিয়া করে

◆ ক সবদিকে সমানভাবে ক্রিয়া করে

ব্যাখ্যা: তরলের চাপ সবদিকে সমান ভাবে ক্রিয়া করে।

18. তরলের চাপ নির্ভরশীল —

ক তরলের পরিমাণের উপর
খ তরলের গভীরতার উপর
গ পাত্রের আকৃতির উপর
ঘ উপরের সবকটি

◆ খ তরলের গভীরতার উপর

ব্যাখ্যা: তরলের গভীরতার উপর তরলের চাপ নির্ভরশীল।

19. S.I. পদ্ধতিতে চাপের একক —

ক ডাইন/সেন্টিমিটার খ নিউটন/ মিটার²
গ ডাইন/সেন্টিমিটার² ঘ নিউটন/ মিটার

◆ খ নিউটন/ মিটার²

ব্যাখ্যা: S.I. পদ্ধতিতে চাপের একক হল নিউটন/মিটার²।

20. চাঁদে কোনো ব্যক্তির রক্তের চাপ -

ক অপরিবর্তনীয় থাকবে
খ বৃদ্ধি পাবে
গ রক্তচাপ থাকবে না
ঘ রক্তচাপ কমে যাবে

◆ খ বৃদ্ধি পাবে

ব্যাখ্যা: চাঁদে কোনো ব্যক্তির রক্তের চাপ বেশি হবে।

21. প্রমাণ বায়ুর চাপ -

ক 66 cm পারদের চাপ
খ 76 cm পারদের চাপ
গ 86 cm পারদের চাপ
ঘ 40 cm পারদের চাপ

◆ খ 76 cm পারদের চাপ

ব্যাখ্যা: 76 cm পারদের চাপ হল প্রমাণ বায়ুর চাপ।

22. পারদ-এর ঘনত্ব —

ক 13.6 g/cm^3 খ 136 g/cm^3
গ 1.36 g/cm^3 ঘ 0.136 g/cm^3

◆ ক 13.6 g/cm^3

ব্যাখ্যা: পারদ-এর ঘনত্ব 13.6 g/cm^3

23. উন্মুক্ত পাত্রে তরলের উপর বায়ুর চাপ —

ক ক্রিয়াশীল খ ক্রিয়াশীল নয়
গ বিশেষ অবস্থায় ক্রিয়াশীল
ঘ কোনোটিই নয়

◆ ক ক্রিয়াশীল

ব্যাখ্যা: উন্মুক্ত পাত্রে তরলের উপর বায়ুর চাপ ক্রিয়াশীল।

24. **সমুদ্রপৃষ্ঠ থেকে যত উপরে ওঠা হয়, বায়ুর চাপ -**

ⓚ অপরিবর্তিত থাকে ⓚ হ্রাস পায়
ⓖ বৃদ্ধি পায় ⓖ অতিমাত্রায় বৃদ্ধি পায়

◆ ⓚ হ্রাস পায়

➤ **ব্যাখ্যা:** সমুদ্রপৃষ্ঠ থেকে যত উপরে ওঠা হয়, বায়ুর চাপ হ্রাস পায়।

25. **টরিসেলির পরীক্ষায় ব্যবহৃত নলটির দৈর্ঘ্য -**

(ক) 100 dm (খ) 100 m
(গ) 100 cm (ঘ) 100 mm

◆ (গ) 100 cm

➤ **ব্যাখ্যা:** টরিসেলির পরীক্ষায় ব্যবহৃত নলটির দৈর্ঘ্য 100 cm।

26. **ব্যারোমিটার যন্ত্রে ব্যবহৃত তরলটি হল—**

(ক) জল (খ) পারদ
(গ) মধু (ঘ) কোনটিই নয়

◆ (খ) পারদ

➤ **ব্যাখ্যা:** ব্যারোমিটার যন্ত্রে তরল হিসেবে পারদ ব্যবহৃত হয়।

27. **সর্বপ্রথম বায়ু চাপের মান নির্ণয় করেন—**

(ক) বিজ্ঞানী নিউটন (খ) বিজ্ঞানী টমসন
(গ) বিজ্ঞানী টরিসেলি (ঘ) বিজ্ঞানী স্যাডউইক

◆ (গ) বিজ্ঞানী টরিসেলি

➤ **ব্যাখ্যা:** সর্বপ্রথম বিজ্ঞানী টরিসেলি বায়ুচাপের মান নির্ণয় করেন।

28. **বায়ুশূন্য নলে জল ওঠে —**

(ক) 76 m (খ) 760 m
(গ) 10.3 m (ঘ) 103 m

◆ (গ) 10.3 m

➤ **ব্যাখ্যা:** বায়ুশূন্য নলে 10.3 m পর্যন্ত জল ওঠে।

29. **স্ট্র-এর সাহায্যে পানীয় পান করতে পারি—**

(ক) বায়ুর ঊর্ধ্বচাপের জন্য
(খ) বায়ুর নিম্নচাপের জন্য
(গ) বায়ুর পার্শ্বচাপের জন্য
(ঘ) উপরের সবকটি

◆ (খ) বায়ুর নিম্নচাপের জন্য

➤ **ব্যাখ্যা:** বায়ুর নিম্নচাপের জন্য স্ট্র-এর সাহায্যে পানীয় পান করতে পারি।

30. **সমোচ্চশীলতা ধর্ম বর্তমান —**

(ক) কঠিন পদার্থের
(খ) গ্যাসীয় পদার্থের
(গ) তরল পদার্থের
(ঘ) কঠিন ও তরল পদার্থের

◆ (গ) তরল পদার্থের

➤ **ব্যাখ্যা:** তরল পদার্থের সমোচ্চশীলতা ধর্ম বর্তমান।

31. **বায়ুর চাপের ফলে জল -**

(ক) 13.6 মিটার উচ্চতায় উঠতে পারে
(খ) 76 মিটার উচ্চতায় উঠতে পারে
(গ) 0.76 মিটার উচ্চতায় উঠতে পারে
(ঘ) 10.3 মিটার উচ্চতায় উঠতে পারে

◆ (ঘ) 10.3 মিটার উচ্চতায় উঠতে পারে

➤ **ব্যাখ্যা:** বায়ুর চাপের ফলে জল 10.3 মিটার উচ্চতায় উঠতে পারে।

32. **প্লবতা সর্বদা —**

(ক) উর্ধমুখে ক্রিয়াশীল
(খ) তির্যকভাবে ক্রিয়াশীল
(গ) নিম্নমুখে ক্রিয়াশীল
(ঘ) উর্ধ ও তির্যকভাবে ক্রিয়াশীল

◆ (ক) উর্ধমুখে ক্রিয়াশীল

➤ **ব্যাখ্যা:** প্লবতা সর্বদা উর্ধমুখে ক্রিয়াশীল হয়।

33. **প্লবতার মান —**

(ক) তরলের ঘনত্ব বেশি হলে বৃদ্ধি পাবে
(খ) তরলের ঘনত্ব কম হলে হ্রাস পাবে
(গ) তরলের ঘনত্ব বৃদ্ধি পেলে হ্রাস পায়
(ঘ) তরলের ঘনত্বের উপর নির্ভরশীল নয়

◆ (ক) তরলের ঘনত্ব বেশি হলে বৃদ্ধি পাবে

➤ **ব্যাখ্যা:** তরলের ঘনত্ব বৃদ্ধি পেলে প্লবতাও বৃদ্ধি পাবে।

34. **তরলের ঘনত্ব বৃদ্ধি পেলে -**

(ক) প্লবতা অপরিবর্তিত থাকে
(খ) প্লবতা বেশি হয়
(গ) প্লবতা কম হয়
(ঘ) প্রথমে বৃদ্ধি পায় পরে হ্রাস পায়

◆ (খ) প্লবতা বেশি হয়

➤ **ব্যাখ্যা:** তরলের ঘনত্ব বৃদ্ধি পেলে প্লবতা বৃদ্ধি পায়।

35. ‘বস্তুর আয়তন X বস্তুর ঘনত্ব’ —

ক বস্তুর ভার নির্ণয়কারী সমীকরণ
খ বস্তুর ভর নির্ণয়কারী সমীকরণ
গ মহাকর্ষ
ঘ অভিকর্ষ

◆ খ বস্তুর ভর নির্ণয়কারী সমীকরণ

ব্যাখ্যা: “বস্তুর আয়তন X বস্তুর ঘনত্ব” সমীকরণটি হল বস্তুর ভর নির্ণয়কারী সমীকরণ।

36. তরলে নিমজ্জিত অবস্থায় বস্তুটির উপর তরলটির দ্বারা প্রযুক্ত ঊর্ধ্বমুখী বল -

ক তরলের চাপের উপর নির্ভর করে
খ তরলের ঘনত্বের উপর নির্ভর করে
গ তরলের আয়তনের উপর নির্ভর করে
ঘ তরলের আয়তন ও ঘনত্বের উপর নির্ভর করে

◆ ঘ তরলের আয়তন ও ঘনত্বের উপর নির্ভর করে

ব্যাখ্যা: তরলে নিমজ্জিত অবস্থায় বস্তুটির উপর তরলটির দ্বারা প্রযুক্ত ঊর্ধ্বমুখী বল তরলের আয়তন ও ঘনত্বের উপর নির্ভর করে।

37. প্লবতা থেকে বস্তুর ওজন বেশি হলে, বস্তুটি তরলের মধ্যে -

ক সম্পূর্ণ নিমজ্জিত অবস্থায় থাকবে
খ বস্তুটি আংশিক নিমজ্জিত অবস্থায় থাকবে
গ বস্তুটি তরলের মধ্যে ডুবে যাবে
ঘ তরলের মধ্যে ভাসমান অবস্থায় থাকবে

◆ গ বস্তুটি তরলের মধ্যে ডুবে যাবে

ব্যাখ্যা: প্লবতা থেকে বস্তুর ওজন বেশি হলে, বস্তুটি তরলের মধ্যে ডুবে যাবে।

38. বরফের আয়তনের -

ক $\frac{10}{12}$ অংশ জলের ওপরে থাকে
খ $\frac{9}{12}$ অংশ জলের ওপরে থাকে
গ $\frac{7}{12}$ অংশ জলের ওপরে থাকে
ঘ $\frac{1}{12}$ অংশ জলের ওপরে থাকে

◆ ঘ $\frac{1}{12}$ অংশ জলের ওপরে থাকে

ব্যাখ্যা: বরফের আয়তনের $\frac{1}{12}$ অংশ জলের ওপরে থাকে।

39. প্লবতা বস্তুর ওজন থেকে কম হলে বস্তুটি তরলে -

ক ডুবে যায়
খ নিমজ্জিত অবস্থায় স্থির থাকে
গ দ্রবীভূত হয়ে যায়
ঘ ভাসমান অবস্থায় থাকে

◆ ঘ ভাসমান অবস্থায় থাকে

ব্যাখ্যা: প্লবতা বস্তুর ওজন থেকে কম হলে বস্তুটি তরলে ভাসমান অবস্থায় থাকে।

40. পারদের মধ্যে লোহা ভাসে -

ক পারদের ঘনত্ব কম
খ লোহার ঘনত্ব কম
গ পারদের ঘনত্ব বেশি
ঘ লোহার ঘনত্ব বেশি

◆ খ লোহার ঘনত্ব কম

ব্যাখ্যা: পারদের মধ্যে লোহা ভাসে অর্থাৎ লোহার ঘনত্ব কম হয়।

শূন্যস্থান পূরণ করো — প্রশ্নমান 1

1. _______ প্রয়োগ না করে আমরা কোনো কাজই করতে পারি না।
> বল

2. কোনো বস্তুর আকৃতির পরিবর্তন ঘটাতে _______ প্রয়োগের দরকার।
> বল

3. একক আয়তনের বস্তুর _______ -কে ওই বস্তুর ঘনত্ব বলে।
> ভর

4. দুটি তলের সংস্পর্শে তৈরি হওয়া যে বল বস্তু দুটির গতির বিরুদ্ধে বা গতি উৎপন্ন করার চেষ্টার বিরুদ্ধে ক্রিয়া করে সেটির নাম হল _______।
> ঘর্ষণ বল

5. ঘর্ষণ বল সর্বদা বস্তুর গতির _______ কাজ করে।
> বিপরীতে

6. মসৃণ কাগজের ওপর লিখতে অসুবিধা হয় ঘর্ষণ বল _______ থাকার জন্য।
> কম

7. যখন কোনো বস্তুকে কোনো তরলে ডোবানো হয়, তখন ওই তরল বস্তুটির ওপর একটি _______ বল প্রয়োগ করে।
> ঊর্ধ্বমুখী

8. কোনো বস্তুকে তরলে ডোবালে ওই বস্তুটি কিছুটা তরলকে ________ করে।

» অপসারিত

9. ________ ক্ষেত্রফলের ওপর ঘর্ষণ বলের মান নির্ণয় করে না।

» স্পর্শতলের

10. ঘর্ষণ বল একপ্রকার বল ________।

» অপচয়ী

সত্য–মিথ্যা নির্বাচন করো (প্রশ্নমান 1)

1. নিউটনের দ্বিতীয় গতিসূত্র থেকে বলের পরিমাপ করা যায়। **সত্য**
2. কোনো বস্তুর ওপর বল প্রযুক্ত না হলেও বস্তু সমবেগে চলতে পারে। **সত্য**
3. কোনো বস্তুর ওপর কার্যকর বলের মান শূন্য হলে বস্তুটির গতীয় অবস্থার কোনো পরিবর্তন হবে না। **সত্য**
4. প্রত্যেক বলের সমান ও বিপরীতমুখী প্রতিক্রিয়া বল আছে। **সত্য**
5. ঘর্ষণ বল বেশি থাকার জন্য কাদাযুক্ত জায়গায় ছোটো ছোটো পদক্ষেপে চলতে হয়। **মিথ্যা**
6. ঘর্ষণ বল সংস্পর্শে থাকা তল দুটির সঙ্গে সবসময় সমান্তরালে ক্রিয়া করে। **সত্য**
7. ঘনসেমি, লিটার, গ্যালন ইত্যাদি হল তরলের ঘনত্বের একক। **মিথ্যা**
8. একক ক্ষেত্রফলে যে পরিমাণ বল ক্রিয়া করে, তাকে চাপ বলে। **সত্য**
9. তরলের চাপ গভীরতার ওপর নির্ভর করে। **সত্য**
10. আর্কিমিডিসের সূত্র তরল এবং গ্যাস উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য। **সত্য**

স্তম্ভ মেলাও (প্রশ্নমান 1)

1. বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মেলাও:

বামস্তম্ভ	ডানস্তম্ভ
1.1 ঘর্ষণ বল	(a) ঘর্ষণ বল বৃদ্ধি করে
1.2 পিচ্ছিল তল	(b) ঘর্ষণ বল হ্রাস করে
1.3 অমসৃণ তল	(c) স্থির ঘর্ষণের সর্বোচ্চ মান
1.4 সীমাস্থ ঘর্ষণ	(d) স্পর্শযুক্ত বল

উত্তর 1.1-(d), 1.2-(b), 1.3-(a), 1.4-(c)

2. বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মেলাও:

বামস্তম্ভ	ডানস্তম্ভ
2.1 তরলের প্লবতা	(a) লাইফবেল্ট থাকে
2.2 বস্তু স্থির হয়ে ভাসে যখন	(b) বস্তু তরলে ডোবে
2.3 বস্তুর ওজন প্লবতার চেয়ে বেশি হলে	(c) বস্তুর ওজন অপসারিত তরলের ওজনের সমান হয়
2.4 নৌকা, স্টিমার ও জাহাজে	(d) ঘনত্বের ওপর নির্ভর করে

উত্তর 2.1-(d), 2.2-(c), 2.3-(b), 2.4-(a)

অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর (প্রশ্নমান 1)

1. বিজ্ঞানী আইজ্যাক নিউটনের প্রথম গতিসূত্র থেকে আমরা কী জানতে পারি?

» বিজ্ঞানী আইজ্যাক নিউটনের প্রথম গতিসূত্র থেকে আমরা বল ও বস্তুর জাড্য সম্পর্কে জানতে পারি।

2. বিজ্ঞানী আইজ্যাক নিউটন প্রদত্ত দ্বিতীয় গতিসূত্রের গাণিতিক রূপটি লেখো।

» কোনো বস্তুর উপর প্রযুক্ত বল F, বস্তুটির ভর m এবং বস্তুটিতে উৎপন্ন ত্বরণ a হলে, দ্বিতীয় গতিসূত্রের গাণিতিক রূপটি হল—
প্রযুক্ত বল (F) = বস্তুর ভর (m) × বস্তুর ত্বরণ (a) = m.a।

3. কোন্ কোন্ রাশির সাহায্যে বস্তুর বল পরিমাপ করা যায়?

» কোনো বস্তুর ভর ও বস্তুটিতে সৃষ্ট ত্বরণের মানের সাহায্যে বস্তুটির বল পরিমাপ করা যায়।

4. 1 নিউটন বল কাকে বলে?

» যে পরিমাণ বল প্রয়োগ করলে এক কিলোগ্রাম ভরের বস্তুতে 1মিটার/সেকেন্ড^2 ত্বরণ উৎপন্ন হয়, তাকে 1 নিউটন বল বলে।

5. C.G.S পদ্ধতিতে বলের পরম একক কী লেখো।

» C.G.S পদ্ধতিতে বলের পরম একক ডাইন।

6. কোথায় ঘর্ষণ বল সৃষ্ট হয়?

» ঘর্ষণ বল দুটি তলের সংস্পর্শে সৃষ্ট হয়।

7. কোন্ যন্ত্রের সাহায্যে বস্তুর ভর পরিমাপ করা যায়?

» সাধারণ তুলাযন্ত্রের সাহায্যে একটি বস্তুর ভর পরিমাপ করা যায়।

8. ঘর্ষণ বল কোন্ দিকে কাজ করে?

ঘর্ষণ বল সবসময় বস্তুটির গতির বিপরীত অভিমুখে কাজ করে।

9. কোনো বস্তুর উপর প্রযুক্ত বল বৃদ্ধি পেলে ঘর্ষণ বল কীভাবে পরিবর্তিত হবে?

কোনো বস্তুর উপর প্রযুক্ত বল বৃদ্ধি পেলে ঘর্ষণ বল একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত বৃদ্ধি প্রাপ্ত হবে।

10. স্থির অবস্থার ঘর্ষণ বলের সর্বোচ্চ মান কীসের উপর নির্ভরশীল?

অভিলম্ব প্রতিক্রিয়া বল ও তলের প্রকৃতির উপর ঘর্ষণ বলের সর্বোচ্চ মান নির্ভর করে।

11. ঘর্ষণ বলের সঙ্গে বস্তুর ওজনের সম্পর্ক কী?

ঘর্ষণ বলের সাথে বস্তুর ওজনের সরল সম্পর্ক। বস্তুর ওজন বৃদ্ধি পেলে ঘর্ষণ বলের মান ও বৃদ্ধিপ্রাপ্ত হবে।

12. ঘনত্ব কাকে বলে?

একক আয়তনের কোনো বস্তুর ভরকে ওই বস্তুর ঘনত্ব বলা হয়।

13. ঘনত্ব কীভাবে পরিমাপ করা হয়?

ঘনত্ব পরিমাপক সূত্রটি হল—

$$\text{ঘনত্ব (d)} = \frac{\text{বস্তুর ভর}}{\text{বস্তুর আয়তন}}।$$

14. বিশুদ্ধ পারদের ঘনত্ব কত?

বিশুদ্ধ পারদের ঘনত্ব 13.6 গ্রাম/ঘনসেমি। অর্থাৎ এক ঘনসেমি পারদের আয়তনে পারদের ভর 13.6g।

15. 4°C উষ্ণতায় জলের ঘনত্ব কত?

C.G.S পদ্ধতিতে 4°C উষ্ণতায় জলের ঘনত্ব $1g/cm^3$। SI পদ্ধতিতে 4°C উষ্ণতায় জলের ঘনত্ব $1000Kg/m^3$।

16. চাপ ও ঘাতের মধ্যেকার সমীকরণটি লেখো।

ঘাত = চাপ × ক্ষেত্রফল।

17. কোন্ ভৌতরাশির উপর তরলের প্রবাহ নির্ভরশীল?

চাপের উপর তরলের প্রবাহ নির্ভরশীল।

18. প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপের মান কত?

76 সেন্টিমিটার উঁচু পারদস্তম্ভের চাপের মান ও প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপের মান সমান। এই মান হল 1.014×10^6 ডাইন/সেমি^{2}।

19. কোন্ যন্ত্রের সাহায্যে বায়ুর চাপ পরিমাপ করা হয়?

ব্যারোমিটারের সাহায্যে বায়ুর চাপ পরিমাপ করা হয়।

20. তরলের প্লবতা কাকে বলে?

ভাসমান কোনো বস্তুর উপর তরল নিচ থেকে উপরের দিকে লম্বভাবে বল প্রয়োগ করে, একেই তরলের প্লবতা বলা হয়।

21. বস্তুর আয়তন ও প্লবতার মধ্যে কীরূপ সম্পর্ক?

বস্তুর আয়তন ও প্লবতার মধ্যে সরল সম্পর্ক। বস্তুর আয়তন বৃদ্ধি পেলে প্লবতাও বৃদ্ধি পায়।

22. প্লবতা কোন্ অভিমুখে ক্রিয়াশীল?

ভাসমান বস্তুর ওজনের বিপরীত অভিমুখে প্লবতা ক্রিয়াশীল।

23. তরলের মধ্যে অবস্থিত বিন্দুর উপর তরলের চাপ কোন্ দিকে কাজ করে?

তরলের মধ্যে অবস্থিত বিন্দুর উপর তরলের চাপ সবদিকে সমানভাবে ক্রিয়াশীল হয়।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্রশ্নমান 3

1. বল কাকে বলে?

বাইরে থেকে প্রযুক্ত যে প্রভাবের ফলে বস্তুর স্থির অবস্থার অথবা গতিশীল অবস্থার পরিবর্তন ঘটে, তাকে বল বলা হয়।

2. বল ও বস্তুর জাড্য সম্পর্কিত নিউটনের প্রথম গতিসূত্রটি লেখো।

বাহ্যিক কোনো বল প্রয়োগ না করলে স্থির বস্তু চিরকাল স্থির থাকবে এবং গতিশীল বস্তু সর্বদা একই গতিতে সরলরেখায় চলবে।

3. বল সংক্রান্ত নিউটনের প্রথম গতিসূত্রটি লেখো। প্রথম গতিসূত্র থেকে প্রাপ্ত বল ও বেগের মধ্যে কী সম্পর্ক লেখো।

বাইরে থেকে কোনো বল প্রয়োগ না করলে স্থির বস্তু চিরকাল স্থির থাকবে ও গতিশীল বস্তু সর্বদা সমান গতিতে সরলরেখায় চলবে।

নিউটনের প্রথম গতিসূত্র থেকে আমরা জানতে পারি যে, বাহ্যিক বল প্রয়োগে বস্তুর বেগ পরিবর্তিত হয়। যদি বস্তুটি স্থির থাকে অথবা বস্তুটির বেগ অপরিহার্য থাকে। তাহলে বস্তুটির উপর ক্রিয়াশীল বল কোনো কাজ করে না।

4. নিউটন ও ডাইনের মধ্যে সম্পর্কটি লেখো।

S.I পদ্ধতিতে বল পরিমাপের একক হল নিউটন এবং C.G.S পদ্ধতিতে বল পরিমাপের একক ডাইন। এই দুইয়ের মধ্যে সম্পর্ক হল....

1 নিউটন = 1 কিলোগ্রাম × 1 মিটার/সে^{2}

= 1000 গ্রাম × 100 সেমি/সে^{2}

= 10^5 ডাইন।

5. কোনো বস্তুর উপর প্রযুক্ত বল তিনগুণ হলে, কী পরিবর্তন ঘটবে?

বিজ্ঞানী আইজ্যাক নিউটনের দ্বিতীয় গতিসূত্র থেকে আমরা জানতে পারি যে, বস্তুর উপর প্রযুক্ত বল এবং বস্তুতে উৎপন্ন ত্বরণের মান পরস্পর সমানুপাতিক। অর্থাৎ বলের মান বৃদ্ধি পেলে উৎপন্ন ত্বরণও বৃদ্ধিপ্রাপ্ত হবে। তাই কোনো বস্তুর উপর তিনগুণ বল প্রয়োগ করলে, বস্তুটিতে উৎপন্ন ত্বরণের মানও তিনগুণ হবে।

6. কোনো গতিশীল বস্তুর গতি বল প্রয়োগ করে পরিবর্তন করা যায় কি?

কোনো গতিশীল বস্তুর উপর বল প্রয়োগ করলে বস্তুটির গতির পরিবর্তন ঘটানো সম্ভব। গতিশীল বস্তুতে বল প্রয়োগ করে বস্তুটিকে আরো দ্রুতগতি সম্পন্ন করা সম্ভব। আবার বল প্রয়োগ করে বস্তুর দ্রুত গতির পরিমাণ হ্রাস করা সম্ভব।

বল প্রয়োগ করে গতিশীল বস্তুর গতির অভিমুখের পরিবর্তন ঘটে।

7. ক্রিয়া ও প্রতিক্রিয়া বলের সংজ্ঞা লেখো।

একটি বস্তু, অপর একটি বস্তুর উপর বল প্রয়োগ করলে, দ্বিতীয় বস্তুটিও বিপরীত অভিমুখে সমপরিমণ বল প্রথম বস্তুতে প্রয়োগ করে। প্রথম বস্তু দ্বারা প্রযুক্ত বলকে ক্রিয়া বল বলে এবং দ্বিতীয় বস্তু দ্বারা প্রথম বস্তুর ওপর প্রযুক্ত বিপরীতমুখী বলকে প্রতিক্রিয়া বল বলে। বিজ্ঞানী আইজ্যাক নিউটনের তৃতীয় সূত্র থেকে আমরা ক্রিয়া ও প্রতিক্রিয়া বল সম্পর্কে ধারণা পাই।

8. আকাশে পাখি কীভাবে ওড়ে?

নিউটনের তৃতীয় গতিসূত্রের দ্বারা আমরা জানতে পারি যে, প্রতিটি বলের বিপরীতমুখী সমান প্রতিক্রিয়া বল বর্তমান। আকাশে পাখি ওড়ার সময়, পাখি তার ডানার সাহায্যে বায়ুতে পিছনের দিকে বল প্রয়োগ করে। ফলে বায়ু পাখির ডানাতে সমান বিপরীতমুখী প্রতিক্রিয়া বল প্রয়োগ করে পাখিটিকে সামনের দিকে এগিয়ে যেতে সাহায্য করে।

9. ঘর্ষণ বল বলতে কী বোঝো?

সংস্পর্শে থাকা দুটি বস্তুর মধ্যে যখন একটি বস্তু গতিশীল হয় বা হতে চায়, তখন সেই গতিকে বাধা দান করার জন্য যে বল সৃষ্টি হয়, তাকে ঘর্ষণ বল বলা হয়।

∴ 1 নিউটন = 1 কিলোগ্রাম × 1 মিটার/সেকেন্ড ^{2}

10. কখন ঘর্ষণ বল উৎপন্ন হয়?

পাশাপাশি থাকা দুটি বস্তুর মধ্যে একটি বস্তু যখন গতিশীল হওয়ার চেষ্টা করে বা গতিশীল হয়, তখন ওই দুটি বস্তুর তলে এই গতিকে বাধাদানকারী ঘর্ষণ বল উৎপন্ন হয়।

11. কোন্ কোন্ বিষয়ের উপর স্থির অবস্থায় ঘর্ষণ বলের সর্বোচ্চ মান নির্ভরশীল?

পাশাপাশি থাকা দুটি বস্তুর তল এবং ক্রিয়া ও প্রতিক্রিয়া বল এই দুটি তলের উপর লম্বভাবে যে বল প্রয়োগ করে, তার উপর স্থির অবস্থায় ঘর্ষণ নির্ভরশীল। ক্রিয়া ও প্রতিক্রিয়া বলের মান যত বেশি হয়, ঘর্ষণ বলের মানও বৃদ্ধিপ্রাপ্ত হয়।

12. ঘর্ষণের সুবিধাগুলি লেখো।

* ঘর্ষণের ফলে মানুষ হাঁটাচলা করতে পারে।

* ঘর্ষণ বলের ফলে গাছ মাটির সাথে শিকড়ের সাহায্যে আটকে থাকতে পারে।

* রাস্তা দিয়ে গাড়ি চলাচল করতে পারে।

13. 2 লিটার পারদের ভর নির্ণয় করো। পারদের ঘনত্ব 13.6g/cm3।

আমরা জানি,

1 লিটার = 1000 cm^3

2 লিটার = 2000 cm^3

পারদের ঘনত্ব 13.6g/cm^3

∴ 1 ঘনসেমি পারদের ভর = 13.6g

2000 ঘনসেমি পারদের ভর = 13.6 × 2000g

= 27200g

2 লিটার পারদের ভর 27200 গ্রাম।

14. একক আয়তন কাকে বলে?

কোনো পদার্থ যে পরিমাণ স্থান দখল করে থাকে, তাকে পদার্থের আয়তন বলা হয়। তরল পদার্থের আয়তন নির্দিষ্ট, যখন তরল পদার্থের এই নির্দিষ্ট আয়তনের মানকে 1 ধরা হয়। তাকে একক আয়তন বা unit volume বলা হয়।

উদাহরণ : 1 লিটার।

15. 4 লিটার আয়তনের তরলের ভর 12 কেজি। তরলটির ঘনত্ব নির্ণয় করো।

তরলটির আয়তন 4 লিটার

উক্ত তরলটির ভর = 12kg

$\therefore$ ঘনত্ব = $\frac{\text{ভর}}{\text{আয়তন}}$ kg/লিটার

= $\frac{12}{4}$ kg/লিটার

= 3 kg/লিটার

16. তরলের চাপ বলতে কী বোঝো?

তরলের মধ্যে উপস্থিত যে-কোনো বিন্দুর একক ক্ষেত্রফলের সমতলে ওই তরল দ্বারা যে বল প্রযুক্ত হয়, তকে তরলের চাপ বলা হয়।

তরলের চাপ = $\frac{\text{প্রযুক্ত বল}}{\text{ক্ষেত্রফল}}$

17. জলের সমোচ্চশীলতা ধর্ম ব্যাখ্যা করো।

পরস্পর যুক্ত ভিন্ন ভিন্ন আকার ও আয়তনের পাত্রের মধ্যে থাকা স্থির তরল সর্বদা একই উচ্চতায় থাকে। যদি জলের মধ্যেকার কোনো তলের দুটি বিন্দুর চাপের তারতম্য ঘটে, তাহলে জল উচ্চচাপযুক্ত বিন্দু থেকে নিম্ন চাপযুক্ত বিন্দুতে অগ্রসর হয়। ভিন্ন ভিন্ন উচ্চতা যুক্ত পাত্রের মধ্যে জল থাকলে ওই পাত্রগুলিতে জল সমান উচ্চতায় থাকতে চায়।

18. তরলের চাপ কোন্ কোন্ বিষয়ের উপর নির্ভরশীল?

তরলের উপরের তলের উচ্চতা এবং তরলে ঘনত্বের উপর তরলের চাপ নির্ভরশীল। তরলের চাপ তরলের উপরের তলের উচ্চতা বেশি হলে বৃদ্ধিপ্রাপ্ত হয়, আবার উপরের তলের উচ্চতা কম হলে চাপও কম হয়।

19. জলাশয়ে থাকা জলের উপরিতল থেকে 3 মিটার নীচে জলের চাপের পরিমাণ নির্ণয় করো।

ধরি, জলের চাপ = P

জলাশয়ে থাকা জলের উপরিতল থেকে 3 মিটার নীচে জলের চাপ হবে—

জলের চাপ P = 3 মিটার $\times$ 1000 kg/m^3 $\times$ 9.8m/s^2

= $3 \times 1000 \times 9.8$ নিউটন/মিটার^2

= 29400 নিউটন/মিটার^2

20. সমআয়তনের ভারি ও হালকা বস্তুর মধ্যে কার প্লবতার মান বেশি হবে?

আমরা জানি প্লবতা বস্তুর আয়তনের উপর নির্ভরশীল, কোনো বস্তুর আয়তন বেশি হলে, প্লবতার মানও বেশি হবে। বস্তুর ওজনের হ্রাস বৃদ্ধির উপর প্লবতার মান নির্ভর করে না। এই ক্ষেত্রে বস্তুদুটি সমআয়তন সম্পন্ন অর্থাৎ বস্তু দুটির আয়তন সমান তাই এদের প্লবতা একই হবে।

21. আর্কিমিডিসের নীতিটি লেখো।

স্থির প্রবাহীতে আংশিক বা সম্পূর্ণ নিমজ্জিত বস্তুর ওজন আপাতভাবে হ্রাসপ্রাপ্ত হয়। নিমজ্জিত বস্তু কর্তৃক অপসারিত প্রবাহীর ওজন ওই বস্তুটির আপাত হ্রাসপ্রাপ্ত ওজনের সমান হয়। ভারশূন্য অবস্থায় আর্কিমিডিসের নীতি প্রযোজ্য নয়।

দীর্ঘ উত্তরভিত্তিক প্রশ্নোত্তর — প্রশ্নমান 5

1. নিউটনের দ্বিতীয় গতিসূত্রটি লেখো। বলের মান ও বেগের পরিবর্তনের মধ্যে সম্পর্ক লেখো।

কোনো বস্তুর উপর প্রযুক্ত বলের সাথে বস্তুর ভরবেগ পরিবর্তনের হার সমানুপাতিক। ভরবেগের পরিবর্তনের হার প্রযুক্ত বলের অভিমুখে হয়।

নিউটনের দ্বিতীয় গতিসূত্র থেকে জানতে পারি—

বল = বস্তুর ভর $\times$ বস্তুতে উৎপন্ন ত্বরণ

F = m $\times$ a [ত্বরণ = a]

আবার ত্বরণ (a) = বেগ পরিবর্তনের হার

তাই,

$\therefore$ বল = ভর $\times$ $\frac{\text{বেগের পরিবর্তন}}{\text{সময়}}$

সুতরাং বল α বেগের পরিবর্তন [বস্তুর ভর ও সময় = ধ্রুবক।]

অর্থাৎ বস্তুর উপর প্রযুক্ত বলের অভিমুখে বেগের পরিবর্তন হয়। বস্তুর উপর প্রযুক্ত বল বেগের পরিবর্তনের সমানুপাতিক।

2. নিউটনের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় গতিসূত্র থেকে কী ধারণা পাওয়া যায়?

নিউটনের প্রথম গতিসূত্র থেকে আমরা জাড্যের ধারণা ও বলের গুণগত সংজ্ঞা পাই—

- বল প্রয়োগ ছাড়া কোনো স্থির বস্তু সর্বদা স্থির এবং গতিশীল বস্তু সর্বদা গতিশীল থাকতে চায়। এই ধর্মকে জাড্য বলে।
- যে বাহ্যিক প্রভাবের ফলে কোনো বস্তুর জাড্যের অবস্থার পরিবর্তন হয়, এই বাহ্যিক প্রভাবকেই বল বলা হয়।

নিউটনের দ্বিতীয় গতিসূত্রের দ্বারা আমরা ভরবেগ ও বলের পরিমাণগত সংজ্ঞা পাই—

- কোনো গতিশীল বস্তুতে ভর ও বেগের সমন্বয়ে যে ধর্ম সৃষ্ট হয়, তাকে ভরবেগ বলে।
- কোনো বস্তুর ভর ও সৃষ্ট ত্বরণের গুণফল থেকে বলের পরিমাপ পাওয়া যায়।

নিউটনের তৃতীয় গতিসূত্র থেকে আমরা জানতে পারি যে, প্রতিটি বলের একটি সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে। প্রকৃতিতে বল সবসময় যুগ্ম অবস্থায় থাকে। বল ছাড়া প্রতিক্রিয়া বলের কোনো অস্তিত্ব নেই। ক্রিয়া ও প্রতিক্রিয়া বল সবসময় দুটি ভিন্ন বস্তুর উপর ক্রিয়াশীল হয়।

3. ঘর্ষণ বলের বৈশিষ্ট্যগুলি লেখো।

দুই বা ততোধিক তল পাশাপাশি থাকলে তাদের মধ্যে ক্রিয়াশীল ঘর্ষণ বল দেখা যায়। এই ক্রিয়াশীল ঘর্ষণ বলের বৈশিষ্ট্যগুলিকে ঘর্ষণের সূত্রও বলা হয়।

- পাশাপাশি থাকা দুটি তলের বাইরে থেকে বল প্রয়োগ করে আপেক্ষিক গতি সৃষ্টি করা হয়। এই বাইরে থেকে প্রযুক্ত বলের বিরুদ্ধে ঘর্ষণ বল কার্যকরী হয়।
- ঘর্ষণ বল পাশাপাশি থাকা দুটি তলের সমান্তরাল ক্রিয়া করে।
- বাহ্যিক বল প্রয়োগ করলেও যদি বস্তুটি স্থির অবস্থায় থাকে, বস্তুটির স্থির অবস্থার ঘর্ষণ ও বাইরে থেকে প্রযুক্ত বলের প্রভাবে বস্তুটি গতিশীল হয়। তখন গতির বিরুদ্ধে ঘর্ষণ ক্রিয়া সক্রিয় হয়।
- ক্রিয়াশীল তল দুটির প্রকৃতি ও মসৃণতার উপর ঘর্ষণ বলের মান নির্ভর করে।
- স্থিত ঘর্ষণ অথবা গতীয় ঘর্ষণ-এর মান তলদুটির মধ্যেকার ক্রিয়া ও প্রতিক্রিয়া বলের সমান হয়। প্রতিক্রিয়ার মান বৃদ্ধি পেলে ঘর্ষণের মান বৃদ্ধি পাবে, আবার প্রতিক্রিয়ার মান কমলে ঘর্ষণের মান কম হবে।
- কাছাকাছি থাকা তলগুলির উষ্ণতার উপর ঘর্ষণ বলের মান নির্ভর করে না।

4. ঘর্ষণ বল কয় প্রকার ও কী কী? তাদের সম্পর্কে লেখো।

ঘর্ষণ দুই প্রকারের হয়। যথা—

(i) স্থির অবস্থার ঘর্ষণ বা স্থিত ঘর্ষণ।
(ii) গতিশীল অবস্থার ঘর্ষণ বা গতীয় ঘর্ষণ।

(i) **স্থির অবস্থার ঘর্ষণ :**

কোনো বস্তু বাহিক বল প্রয়োগ করার পরও যদি স্থির অবস্থায় থাকলে বস্তু এবং তলের মধ্যে যে ঘর্ষণ বল ক্রিয়াশীল হয়, তাকে স্থির অবস্থার ঘর্ষণ বলে।

(ii) **গতিশীল অবস্থার ঘর্ষণ :**

যখন কোনো বস্তু বাহ্যিক বল প্রয়োগ করার ফলে গতিশীল হয়, ওই বস্তু এবং তলের সংযোগস্থলে যে ঘর্ষণ বল ক্রিয়াশীল হয়, তাকে গতিশীল অবস্থার ঘর্ষণ বলে।

5. গতিশীল ঘর্ষণ ও স্থিত ঘর্ষণের মধ্যে কার মান বেশি হয়? কেন বেশি হয়?

দুটি নির্দিষ্ট তলের স্থিত ঘর্ষণ ও গতিশীল ঘর্ষণের মধ্যে স্থিত ঘর্ষণের মান সর্বদা বেশি।

স্থির অবস্থায় থাকা কোনো বস্তুকে বাইরে থেকে বল প্রয়োগ করে গতিশীল করতে বেশি বল প্রয়োগ করতে হয়। অর্থাৎ স্থির অবস্থায় থাকা তল দুটির মধ্যে ঘর্ষণ বল বেশি হয়, গতিশীল অবস্থায় থাকা তল দুটির মধ্যে ঘর্ষণ বল কম হয়। গতিশীল গাড়িকে ঠেলতে বেশি বল প্রয়োগ করতে হয় না, কিন্তু স্থির গাড়িকে ঠেলতে তুলনামূলক বেশি বল প্রয়োগ করতে হয়।

6. (i) সম্পূর্ণ মসৃণ তলে হাঁটা সম্ভব নয় কেন?

(ii) একটি বালতিতে 6 লিটার জল আছে। বালতির তলদেশের ক্ষেত্রফল $5m^2$। বালতির তলদেশে জলের চাপ কত হবে?

(i) সম্পূর্ণ মসৃণ তলের ক্ষেত্রে ঘর্ষণ বলের মান শূন্য হয়। যে-কোনো তলের উপর দিয়ে হাঁটার সময় ঘর্ষণ বল হাঁটার অভিমুখের বিপরীত দিকে পায়ের পাতার উপর স্পর্শকভাবে একটি বল ক্রিয়াশীল হয়

যা আমাদের সামনের দিকে এগিয়ে যেতে সাহায্য করে। কিন্তু সম্পূর্ণ মসৃণ তলের ক্ষেত্রে ঘর্ষণ বল না থাকায় হাঁটা অসম্ভব হয়ে পড়ে।

(ii) 6 লিটার = 6 কেজি।

1 কেজি ভরের বস্তুকে 9.8 নিউটন বল দ্বারা পৃথিবী আকর্ষণ করে।

6 কেজি জলকে পৃথিবী আকর্ষণ করবে—

(9.8 × 6) = 58.8 নিউটন বল দ্বারা

বালতির তলদেশে চাপ = $\frac{58.8}{5}$ নিউটন/m^2

= 11.76 নিউটন/m^2

বালতির তলদেশে জলের চাপ হবে 11.76 নিউটন/ m^2।

7. ঘনত্ব বলতে কী বোঝো? ঘনত্বের CGS ও S.I এককগুলির মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা করো।

একটি নির্দিষ্ট বস্তুর একক আয়তনের ভরকে ওই বস্তুটির ঘনত্ব বলা হয়। কোনো বস্তুর ভর M, বস্তুটির আয়তন V।

∴ বস্তুটির ঘনত্ব (D) = $\frac{M}{V}$

দুটি বস্তুর মধ্যে হালকা ও ভারির পার্থক্য বস্তুটির ঘনত্ব দ্বারা বোঝা যায়।

1 কিলোগ্রাম/মিটার^3 = $\frac{1000 \text{ গ্রাম}}{(100)^3 \text{ cm}^3 \text{ cm}^3}$

= $\frac{1}{1000}$ g/cm^3

1g/cm^3 = 1000 × 1 kg/m^3।

C.G.S পদ্ধতিতে কোনো বস্তুর ঘনত্ব g/cm^3 এককে প্রকাশ করা হয়। S.I পদ্ধতিতে বস্তুটির ঘনত্ব kg/m^3-এ প্রকাশিত হয়।

অর্থাৎ C.G.S পদ্ধতিতে কোনো বস্তুর ঘনত্ব d gm/cm^3 হলে, S.I পদ্ধতিতে ওই বস্তুটির ঘনত্ব হবে (d × 1000)kg/m^3।

8. (i) জলে ডোবানো কোনো বস্তুকে হালকা মনে হয় কেন?

(ii) 3 লিটার পারদের ভর নির্ণয় করো।

(পারদের ঘনত্ব 13.6g 3 লিটার = 3000 ঘনসেমি।

(i) কোনো বস্তুকে জলে ডোবানো হলে জল নিচ থেকে উপরের দিকে একটি ঊর্ধ্বমুখী বল প্রযুক্ত করে। বস্তুটির ওজনের বিপরীত দিকে বলটি কার্যকর হয় বলে বস্তুটির ওজন আপাতভাবে কমে যায়। বস্তুটির হ্রাসপ্রাপ্ত ওজনের সমপরিমাণ জল বস্তুটি দ্বারা অপসারিত হয়। তাই জলে ডোবানো কোনো বস্তুকে হালকা মনে হয়।

(ii) আমরা জানি,

এক সেমি^{3} পারদের ঘনত্ব 13.6 g

∴ 3000 সেমি পারদের ঘনত্ব (13.6 × 3000)g

= $\frac{13.6 \times 3000}{1000}$ kg

= 13.6 × 3 kg

= 40.8 kg

3 লিটার পারদের ভর 40.8 kg.

9. তরলের চাপের বৈশিষ্ট্যগুলি লেখ। পাত্রের তলদেশের ছিদ্র O দিয়ে নির্গত তরলের বেগ কী কী বিষয়ের উপর নির্ভরশীল?

তরলের চাপের বৈশিষ্ট্যগুলি হল—

- স্থির তরলের মধ্যেকার কোনো বিন্দুর গভীরতার উপর তরলটির চাপ নির্ভরশীল। বিন্দুটির গভীরতা যত বেশি হবে, তরলের চাপও তত বেশি হবে।
- কোনো স্থির তরলের ঘনত্ব যদি বেশি হয় তাহলে তরলটির মধ্যেকার বিন্দুতে চাপের পরিমাণও বৃদ্ধি পাবে। অর্থাৎ স্থির তরলের ঘনত্বের উপর তরলের মধ্যস্থিত বিন্দুর চাপ নির্ভরশীল।
- একই অনুভূমিক রেখার সমস্ত বিন্দুতে চাপ সমান হয়।
- পাত্রে আবদ্ধ স্থির তরলের মধ্যে চাপ প্রয়োগ করলে, সেই চাপ তরলের চারিদিকে সমানভাবে চালিত হয় ও পাত্রটির দেওয়ালে লম্বভাবে কাজ করে।

পাত্রের তলদেশের ছিদ্র দিয়ে নির্গত তরলের বেগ তরলের গভীরতা ও অভিকর্ষজ ত্বরণের উপর নির্ভর করে। অভিকর্ষজ ত্বরণের মান বেশি হলে বেশি পরিমান তরল নির্গত হবে। তরলটির গভীরতা বেশি হলেও তরলটির নির্গমনের বেগও বেশি হবে।

10. (1) **শহরে কীভাবে জল সরবরাহ করা হয়?**

(2) জলের সমোচ্চশীলতা ধর্মের দুটি ব্যবহার লেখো।

(1) জলের সমোচ্চশীলতা ধর্মেরা সাহায্যে শহরের বহুতল বাড়ি, অফিস ও বিভিন্ন প্রতিষ্ঠানে জল সরবরাহ করা হয়। শহরের কাছাকাছি কোনো

জলাশয় বা নদী থেকে বড়ো নলের সাহায্যে settling tank জল জমানো হয়, সেখানে নদী বা জলাশয়ের জলের বালি, অদ্রাব্য কণা ও বস্তুগুলি থিতিয়ে পড়ে। প্রাপ্ত পরিষ্কার জল এরপর মিহি বালি, মোটা বালি ও খোয়ার মধ্যে দিয়ে চালনা করে filter করা হয়। এই filter করা জল জীবাণুমুক্ত করার জন্য বড়ো চৌবাচ্চায় নিয়ে ক্লোরিন ও সূর্যরশ্মির প্রয়োগ করা হয়। ফলে জলটি পানের উপযোগী হয়ে ওঠে। এই জীবাণুমুক্ত জল শহরের সবথেকে উঁচু স্থানে থাকা ট্যাঙ্কে পাম্পের সাহায্যে তোলা হয়।

এই ট্যাঙ্কের সাথে একটি প্রধান নল যুক্ত থাকে এবং এই মুখ্য নলের সাথে যুক্ত বিভিন্ন শাখানলগুলির মাধ্যমে শহরের বিভিন্ন স্থানে জল পৌঁছে দেওয়া হয়। আমরা জানি যে জল তার সমোচ্চশীলতা ধর্মের জন্য জলাধারের সমান উচ্চতায় পৌঁছোতে চায়, তাই শাখানলগুলির সাথে যুক্ত কলের মুখ খুললে তীব্রবেগে জল বের হয়ে আসে।

(2) **জলের সমোচ্চশীলতা ধর্মের দুটি ব্যবহার হল—**

(i) শহরের বিভিন্ন স্কুল, কলেজ, বহুতল বাড়ি প্রতিষ্ঠানগুলিতে জল সরবরাহ করা হয় জলের সমোচ্চশীলতা ধর্মকে কাজে লাগিয়ে।

(ii) প্রাকৃতিকভাবে জলের সমোচ্চশীলতার একটি উদাহরণ হল আর্টেজিয় কূপ। এই আর্টেজিয় কূপের সাহায্যে চাষের জমিতে জলসেচ করা হয়।

11. (i) দুটি ভিন্ন আকৃতির পাত্রের মধ্যে একই পরিমাণ জল রাখলে কার তলদেশে জলের চাপ বেশি হবে?

(ii) জলপূর্ণ ও পারদপূর্ণ পাত্রের কোন্ পাত্রে তলদেশে বেশি চাপ সৃষ্টি হবে?

(i) প্রযুক্ত বল হল জলের ওজন। দুটি পাত্রেই সমপরিমাণ জল আছে। কিন্তু ভিন্ন আকৃতির পাত্র হওয়ায় পাত্র দুটি তলদেশের ক্ষেত্রফলও ভিন্ন হয়। কম ক্ষেত্রফলবিশিষ্ট পাত্রের তরল পাত্রটির তলদেশে, বেশি ক্ষেত্রফলবিশিষ্ট পাত্রের তলদেশ অপেক্ষা বেশি চাপ প্রয়োগ করবে।

$$\text{জল দ্বারা প্রদত্ত চাপ} = \frac{\text{প্রযুক্ত বল}}{\text{পাত্রের তলদেশের ক্ষেত্রফল}}$$

(ii) তরলের উচ্চতা ও ঘনত্বের উপর তরলের চাপ নির্ভরশীল। ঘনত্ব বেশি হলে তরলের চাপ ও বেশি হবে। আমরা জানি জলের থেকে পারদের ঘনত্ব বেশি। ঘনত্ব বেশি হওয়ার ফলে পারদপূর্ণ পাত্রের তলদেশে চাপের পরিমাণও বেশি হবে। তাই জলপূর্ণ পাত্র অপেক্ষা পারদপূর্ণ পাত্রে তলদেশে চাপ বেশি হবে।

12. প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপ বলতে কী বোঝো? প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপের মান নির্ণয় করো।

সমুদ্রপৃষ্ঠে 0°C নির্দিষ্ট উষ্ণতায় 45° অক্ষাংশে 76 cm উঁচু পারদস্তম্ভ যে পরিমাণ চাপ প্রয়োগ করে, তাকে প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপ বলা হয়।

P = 76cm পারদস্তম্ভের চাপ

$P = (0.76 \times 13.6 \times 9.80)\ N/m^2$

$P = 1.013 \times 10^5$ Pa

প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপের মান 1.013×10^5 Pa

13. (i) প্লবতা বলতে কী বোঝো?

(ii) প্লবতা কোন্ কোন্ বিষয়ের উপর নির্ভরশীল?

(iii) ভাসন ও নিমজ্জন কাকে বলে?

(i) তরল বা গ্যাসীয় প্রবাহীতে কোনো বস্তু আংশিক বা সম্পূর্ণ নিমজ্জিত থাকলে ওই প্রবাহী বস্তুটির উপর লম্বভাবে নিচ থেকে উপরের দিকে বল প্রয়োগ করে। এই বলকেই প্লবতা বলা হয়।

(ii) প্রবাহীতে আংশিক বা সম্পূর্ণ নিমজ্জিত বস্তুর আয়তন, প্রবাহীর ঘনত্ব ও অভিকর্ষজ ত্বরণের মানের উপর প্লবতা নির্ভরশীল।

(iii) কোনো বস্তু তরলের তলদেশে না গিয়ে যদি যে-কোনো স্থানে স্থির অবস্থায় থাকে, তাকে ভাসন বলা হয়।

কোনো বস্তু তরলের তলদেশে গিয়ে স্থির অবস্থায় থাকলে, তাকে নিমজ্জন বলা হয়।

14. (i) আর্কিমিডিসের সূত্র বাধাহীন পতনশীল বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য নয় কেন?

(ii) 8 কেজি ভরের কোনো বস্তুর ওজন কী হবে?

(i) কোনো বস্তু বাধাহীনভাবে পতিত হলে বস্তুটির মধ্যে কোনো অভিকর্ষ বল কাজ করে না। তাই বস্তুটির ওজন শূন্য হয়। পতনশীল বস্তুটির ওজন শূন্য হয়, ফলে বস্তু দ্বারা অপসারিত মাধ্যমের মান শূন্য হয় অর্থাৎ প্লবতার মান শূন্য হয়। এবং প্লবতা কার্যকরী হয় না। তাই বাধাহীনভাবে পতনশীল বস্তুর ক্ষেত্রে আর্কিমিডিসের সূত্র প্রযোজ্য হয় না।

(ii) বস্তুটির ভর 8 কেজি

আমরা জানি অভিকর্ষজ ত্বরণের মান 9.8 মিটার/সেকেন্ড^2

∴ বস্তুটির ওজন হবে—

(8 × 9.8) কেজি মিটার/সেকেন্ড^2

= 78.4 নিউটন।

বস্তুটির ওজন 78.4 নিউটন।

15. (i) লোহার বল জলে ডুবে গেলেও লোহার জাহাজ জলে ভাসে কেন? (ii) 7.5g ভরের একটি বস্তুতে 375 ডাইন বল প্রযুক্ত করা হল। সৃষ্ট ত্বরণের মান নির্ণয় করো।

(i) লোহার বল গোল এবং নিরেট হয়, ফলে সেটি দ্বারা অপসারিত জলের পরিমান লোহার বলের ওজনের থেকে কম হয়, অর্থাৎ প্লবতার মান কম হয় তাই বল জলে ডুবে যায়। কিন্তু লোহার তৈরি জাহাজের ওজন লোহার বলের থেকে বেশি হয় ও লোহার জাহাজের তলদেশ অনেক প্রসারিত হয়। তাই বেশি পরিমান জল অপসারিত করতে পারে অর্থাৎ প্লবতার পরিমান বেশি হয় এবং লোহার জাহাজ সহজেই জলে ভাসতে পারে।

(ii) বস্তুটির ওজন বা ভর (m) = 75g

বস্তুটির উপর প্রযুক্ত বল 375 ডাইন।

আমরা জানি, F = m × a [a = ত্বরণ]

$\therefore a = \frac{F}{m}$

$a = \frac{375}{75}$ সেমি/সেকেন্ড^2

= 5 সেমি/সেকেন্ড^2

বস্তুটিতে সৃষ্ট ত্বরণের মান 5 সেমি/সেকেন্ড^2

16. জলে অদ্রাব্য কঠিন একটি বস্তু সম্পূর্ণরূপে জলে নিমজ্জিত হলে, বস্তুটির ওজন হয় 0.006kg ভার। এই বস্তুটি 3 সেমি জল অপসারিত করে। বস্তুটির ভর কত হবে? বস্তুটির ঘনত্ব কত হবে? [S.I এককে]

জলের ঘনত্ব 1 গ্রাম/ঘনসেমি।

অপসারিত জলের ওজন = 3 গ্রাম ভার [অপসারিত জলের ওজন = বস্তুর আপাত ওজনের হ্রাস]

নিমজ্জিত বস্তুটির ওজন 0.006 কেজি ভার

6 গ্রাম ভার

বস্তুটির প্রকৃত ওজন = (6 + 3) গ্রাম ভার

= 9 গ্রাম ভর

= 0.009 কেজি

[জলে নিমজ্জিত অবস্থায় অপসারিত জলের ওজন + বস্তুর আপাত ওজন হ্রাসের পরিমাণ]

∴ বস্তুটির ভর হবে 0.009 কেজি।

বস্তুটির উপাদানের ঘনত্ব = $\frac{\text{ভর}}{\text{আয়তন}}$

= $\frac{9}{3}$ গ্রাম/ঘনসেমি

= 3 গ্রাম/ঘনসেমি

অর্থাৎ = (3 × 1000) কেজি/মিটার^3

= 3000 কেজি/মি^{3}

বস্তুটির ঘনত্ব হবে 3000 কেজি/মিটার^3।

17. (i) বরফ জলে ভাসে কেন?

(ii) পারদের ঘনত্ব 13.6g/cc বলতে কী বোঝায়?

(i) জল বরফে পরিণত হলে আয়তন বৃদ্ধি প্রাপ্ত হয়। 11cc জল বরফে পরিণত হলে, তার আয়তন হয় 12cc। অর্থাৎ 11cc জলের ওজন, 12cc বরফের ওজনের সমান। 12cc আয়তনের বরফ জলে ভাসানো হলে বরফের আয়তনের $\frac{11}{12}$ অংশ জলে ডুবে যায়। এই সময় বরফের ওজন ও অপসারিত জলের ওজন একই হয়। তাই বরফ সম্পূর্ণভাবে নিমজ্জিত হয় না, বরফের আয়তনের $\frac{11}{12}$ অংশ নিমজ্জিত অবস্থায় ভাসতে থাকে।

পারদের ঘনত্ব 13.6g/cc বলতে আমরা বুঝি এক ঘনসেন্টিমিটার আয়তনের পারদের ভর হবে 13.6 গ্রাম।

18. (i) ডিম লবণ জলে ভাসে কেন?

(ii) 12m^2 অঞ্চলে 36 নিউটন বল কাজ করলে, চাপের মান কত হবে?

(i) জলের প্লবতা জলের ঘনত্বের সাথে বৃদ্ধি পায়। সাধারণ জলের ঘনত্ব লবণ জলের ঘনত্ব থেকে কম হয়। ডিম তার সম আয়তন জলের থেকে তুলনামূলক ভারি হয় তাই সাধারণ জলে ডিম সহজেই ডুবে যায়। লবণমিশ্রিত জলের ঘনত্ব সাধারণ জলের

থেকে বেশি হওয়ার ফলে প্লবতার মানও বৃদ্ধি পায়। লবণজলের প্লবতা ডিমের ওজনের থেকে বেশি হয়। তাই ডিম লবণ জলে ভাসে।

(ii) প্রযুক্ত বল 36 নিউটন

অঞ্চলটির ক্ষেত্রফল $12m^2$

$$\text{চাপ} = \frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}} \text{ নিউটন}/m^2$$

$$P = \frac{36}{12} \text{ নিউটন}/m^2$$

$$= 3 \text{ নিউটন}/m^2$$

∴ চাপের মান হবে 3 নিউটন/m^2।

19. প্লবতার বৈশিষ্ট্যগুলি লেখো। বস্তুর ভাসন ও নিমজ্জনের শর্তগুলি ও প্লবতার বৈশিষ্ট্যগুলি লেখো।

- তরলে ভাসমান বস্তু তার ওজনের সমান পরিমাণ তরল অপসারিত করে। অপসারিত করা জলের পরিমাণ হল তরলটির প্লবতার মান। বস্তুটির ওজন যত বৃদ্ধি পাবে, প্লবতার মানও তত বৃদ্ধি পাবে।
- প্লবতা বল তরলে ভাসমান বস্তুটির ওজনের বিপরীত অভিমুখে কাজ করে।
- বেশি ঘনত্বযুক্ত প্রবাহীতে বস্তু দ্বারা অপসারিত প্রবাহীর ওজন বেশি হয়।
- তরলের মধ্যে থাকা বস্তুটির নিমজ্জনের গভীরতার উপর তরলের প্লবতার মান নির্ভরশীল নয়।
- স্থির তরলে বা গ্যাসের মধ্যে থাকা ভাসমান বস্তুটির ওজন, বস্তুটির উপর ক্রিয়াশীল প্লবতা বলের সমানুপাতিক।

বস্তুর ভাসন ও নিমজ্জনের শর্তগুলি নিম্নরূপ ঃ

স্থির তরলে নিক্ষেপিত কোনো বস্তুর উপর প্রধানত দুটি বল কার্যকরী হয়। প্রথমত বস্তুটির ওজন লম্বভাবে উপর থেকে নিচের দিকে কাজ করে এবং দ্বিতীয় তরলের প্লবতার যা নিচ থেকে উপরের দিকে লম্বভাবে কাজ করে, এই দুটি বলের জন্য বস্তুটির ভাসন ও নিমজ্জনের তিনটি অবস্থা প্রত্যক্ষ করা যায়।

- বস্তুটির ওজন যদি প্লবতার থেকে বেশি হয়, তাহলে বস্তুটি সম্পূর্ণ নিমজ্জিত অবস্থায় থাকে না। কিছু অংশ তরলের বাইরে রেখে ভাসে।
- বস্তুটির ওজন ও প্লবতার মান এক হলে বস্তুটি তরলের মধ্যে সম্পূর্ণরূপে নিমজ্জিত হয়ে ভাসবে।
- বস্তুটির ওজন যদি প্লবতার মানের থেকে বেশি হয়, সেইক্ষেত্রে বস্তুটি তরলের মধ্যে সম্পূর্ণভাবে নিমজ্জিত হয়ে থাকবে।

20. (i) সাবমেরিন জলে ইচ্ছামতো ভাসমান ও ডুবন্ত অবস্থায় থাকে কীভাবে?

(ii) শক্ত মাটি গাড়ি চালানোর জন্য সুবিধাজনক কেন?

(i) সাবমেরিনে অনেকগুলি প্রকোষ্ঠ থাকে। এই প্রকোষ্ঠগুলি সুবিধামত জল দ্বারা ভর্তি অথবা খালি করা যায়। যখন সাবমেরিনের এই প্রকোষ্ঠগুলি খালি থাকে, তখন সাবমেরিন তার ওজনের থেকে বেশি পরিমাণ জল অপসারিত করতে পারে, তাই সাবমেরিন জলে ভাসতে পারে। আবার এই প্রকোষ্ঠগুলি জল দ্বারা ভর্তি থাকলে সাবমেরিনটির ওজন বেশি হয় এবং জল কম পরিমাণে অপসারিত হয়। ফলে সাবমেরিনটি জলের ভিতর ডুবে যায়।

(ii) রাস্তা ও গাড়ির চাকার মধ্যেকার ক্রিয়াশীল ঘর্ষণ বল গাড়িকে চলতে সাহায্য করে। শক্ত মাটিতে গাড়ির চাকার সাথে রাস্তার ঘর্ষণ বল বেশি হয়, ফলে গাড়িটি সহজেই চলতে পারে। কিন্তু নরম কাদাপূর্ণ রাস্তায় গাড়ির চাকার সাথে ঘর্ষণ কম হয়। ঘর্ষণ বল কম হওয়ায় গাড়ি সহজেই অগ্রসর হতে পারে না।

21. (i) ভাসমান বস্তু আপাত ওজনহীন হয় কেন?

(ii) ফুটবল জলে ডুবে যায় না কেন?

(i) কোনো বস্তু তরলে আংশিক বা সম্পূর্ণভাবে নিমজ্জিত থাকলে ওই বস্তুটির ওপর সোজা নিচের দিকে বস্তুর ওজন ও সোজা উপরের দিকে প্লবতা বল ক্রিয়াশীল হয়। আমরা জানি বস্তুটি তরলে ভাসমান অবস্থায় আপাত ওজন হ্রাস করে। বস্তুটির এই আপাত ওজন হ্রাসের পরিমাণ বস্তু দ্বারা অপসারিত তরলের পরিমাণের সমান হয়। তাই ভাসমান বস্তু আপাত ওজনহীন হয়।

(ii) ফুটবল বায়ুপূর্ণ থাকে। জলে থাকা অবস্থায়, ফুটবল তার ওজনের চেয়ে অনেক বেশি পরিমাণ জল অপসারিত করে। অর্থাৎ ফুটবলের প্লবতার মান তার ওজনের থেকে বেশি হয়, তাই ফুটবল জলে ভাসমান অবস্থায় থাকে।

বিশেষ আগ্রহী ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন

1. এক টুকরো বরফ একটি জলপূর্ণ পাত্রে রাখা আছে। যখন বরফ গলে যাবে ও জলের তাপমাত্রা 0°C হবে, তখন কী জলের তলের পরিবর্তন হবে?
2. ভূপৃষ্ঠে একটি বস্তুর ওজন W। পৃথিবীর ভর অভিন্ন রেখে যদি ব্যাসার্ধ দ্বিগুণ হয়, তবে বস্তুটির ওজন কত হবে?
3. পৃথিবীকে ρ গড় ঘনত্বের এবং R ব্যাসার্ধের একটি সুষম গোলক ধরে নিলে, মুক্তিবেগের রাশিমালা কীরূপ হবে?
4. পৃথিবীর বায়ুমণ্ডলে হাইড্রোজেন, হিলিয়াম ইত্যাদি হালকা গ্যাসগুলি দুষ্প্রাপ্য কেন?
   অথবা, পৃথিবীর আবহমণ্ডলে কার্যত হাইড্রোজেন গ্যাস নেই কেন? ব্যাখ্যা করো।
5. মেরু অঞ্চলে পৃথিবীর আহ্নিক গতির জন্য অভিকর্ষজ ত্বরণের মানের কীরূপ পরিবর্তন হবে?
6. দুটি বস্তুর প্রতিটির ভর এবং তাদের মধ্যবর্তী দূরত্ব দ্বিগুণ হলে, তাদের মধ্যে ক্রিয়ারত মহাকর্ষ বলের কী পরিবর্তন হবে?
7. ভর স্থির রেখে পৃথিবীর ব্যাসার্ধ কোনো কারণে অর্ধেক হয়ে গেলে ভূপৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণের মান কীরূপ হবে?
8. সর্বজনীন মহাকর্ষীয় ধ্রুবক G-এর মান ধীরে ধীরে কমে গেলে চন্দ্রের গতিপথের কোনো পরিবর্তন হবে কী?
   অথবা, যদি মহাকর্ষীয় ধ্রুবক G সময়ের সঙ্গে খুব ধীরে ধীরে কমে যায়, তা হলে চন্দ্রের গতিতে কী ফল দেখা যাবে?
9. পৃথিবীর নিজ অক্ষের চতুর্দিকে আবর্তনকাল কত হলে বিষুবরেখায় কোনো ব্যক্তি নিজেকে ভারহীন মনে করবে?
10. শুকনো চুলে চিরুনি চালালে চিরুনি কাগজের ছোটো ছোটো টুকরোকে আকর্ষণ করে কেনো? যদি চুল ভেজা থাকে অথবা বর্ষার দিনে কী ঘটবে?
11. গোলাকৃতি পরিবাহী অন্য যে-কোনো আকৃতির পরিবাহী অপেক্ষা বেশিক্ষণ আধান ধরে রাখতে পারে কেন?
12. কোনো পরিবাহীকে তড়িদাহিত করলে দেখা যায় ওই তড়িৎ ওই পরিবাহীর বাইরের পৃষ্ঠে অবস্থান করে। এর কারণ কী?
13. কোনো বস্তুতে $-80\mu C$ আধান আছে। বস্তুটিতে অতিরিক্ত ইলেকট্রনের সংখ্যা কত?
14. একটি মুক্ত ইলেকট্রনের স্বাভাবিক গতি উচ্চবিভব থেকে নিম্নবিভবের দিকে—উক্তিটি সত্য নয় কেন?
15. দুটি সমধর্মী বিন্দু-আধানের প্রত্যেকটির মান 100 esu এবং তারা পরস্পর থেকে 10 cm দূরে অবস্থিত। উভয় আধান থেকে 10 cm দূরে অবস্থিত একটি একক ধনাত্মক আধানের ওপর কত বল ক্রিয়া করবে? বলটির অভিমুখ কী হবে?

CHAPTERWISE MOCK TEST

শ্রেণি: অষ্টম

বিষয়: পরিবেশ ও বিজ্ঞান

অধ্যায়-1.1: বল ও চাপ

সময়: 1 ঘণ্টা **পূর্ণমান: 30**

1. সঠিক উত্তরটি নির্বাচন করো। **$1 \times 5 = 5$**

1.1 বলের সংজ্ঞা পাওয়া যায়—

(a) নিউটনের প্রথম গতিসূত্র থেকে (b) নিউটনের দ্বিতীয় গতিসূত্র থেকে

(c) নিউটনের তৃতীয় গতিসূত্র থেকে (d) নিউটনের মহাকর্ষ সূত্র থেকে

1.2 টরিসেলির পরীক্ষায় ব্যবহৃত নলটির দৈর্ঘ্য—

(a) 100 dm (b) 100 m (c) 100 cm (d) 100 mm

1.3 কোনো বস্তু তরলের মধ্যে আংশিক নিমজ্জিত অবস্থায় ভাসার শর্ত—

(a) বস্তুর ঘনত্ব < তরলের ঘনত্ব (b) বস্তুর ঘনত্ব = তরলের ঘনত্ব

(c) বস্তুর ঘনত্ব > তরলের ঘনত্ব (d) $\frac{\text{বস্তুর ঘনত্ব}}{\text{তরলের ঘনত্ব}} \geq 1$

1.4 SI পদ্ধতিতে চাপের একক—

(a) dyne/cm (b) N/m^2 (c) N/m (d) $dyne/cm^2$

1.5 একটি ভাসমান বস্তুর X অংশ জলের ওপরে থাকলে বস্তুর ঘনত্ব—

(a) X (b) $\frac{1}{X}$ (c) $1 - X$ (d) $X - 1$

2. নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও। **$1 \times 5 = 5$**

2.1 কখন ঘর্ষণ বল তৈরি হয়?

অথবা, SI পদ্ধতিতে 4°C উষ্ণতায় জলের ঘনত্ব কত?

2.2 **সত্য/মিথ্যা লেখো।**

আকাশে পাখি ওড়া একটি ক্রিয়া প্রতিক্রিয়ার উদাহরণ।

2.3 বস্তুর আয়তন $= \frac{\text{ভর}}{?}$ (শূন্যস্থান পূরণ করো)

2.4 কোনো গতিশীল বস্তুর ওপর বল বৃদ্ধি করলে ঘর্ষণ বলের মান কীভাবে পরিবর্তিত হয়?

অথবা, স্থির অবস্থায় ঘর্ষণ বলের সর্বোচ্চ মান কীসের ওপর নির্ভর করে?

2.5 বস্তুর আয়তন ও প্লবতার মধ্যে সম্পর্ক কী?

3. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও। **$2 \times 4 = 8$**

3.1 নিউটন ও ডাইনের মধ্যে সম্পর্কটি লেখো।

3.2 4 লিটার আয়তনের তরলের ভর 12 kg, তরলটির ঘনত্ব নির্ণয় করো।

অথবা, জলাশয়ে থাকা জলের উপরিতল থেকে 3 মিটার নীচে জলে চাপের পরিমাণ নির্ণয় করো।

3.3 ঘর্ষণের দুটি সুবিধা লেখো।

3.4 বস্তুর জাড্য সম্পর্কিত নিউটনের সূত্রটি লেখো।

অথবা, আর্কিমিডিসের নীতিটি লেখো।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। **$3 \times 4 = 12$**

4.1 নিউটনের দ্বিতীয় গতিসূত্র থেকে প্রথম গতিসূত্র প্রমাণ করো।

4.2 ঘর্ষণ বলের বৈশিষ্ট্যগুলো লেখো।

অথবা, গতি ঘর্ষণ ও স্থির ঘর্ষণের মধ্যে কার মান বেশি হয়? কেন বেশি হয়?

4.3 বস্তুর ভাসন ও নিমজ্জনের শর্তগুলি লেখো।

4.4 ডিম লবণ জলে ভাসে কেন?

অথবা, একটি বালতিতে 6 লিটার জল আছে বালতির তলদেশের ক্ষেত্রফল $5m^2$। বালতির তলদেশে চাপ কত হবে?

এই অধ্যায়ের প্রশ্নপত্রের উপর পরীক্ষা দিয়ে সেই উত্তরপত্রের ছবি তুলে **Learning App**-এ আপলোড করে দিলেই ওই প্রশ্নপত্রের **Model Answer** ছাত্রছাত্রীরা ডাউনলোড করে নিতে পারবে। আরও জানতে **Call** করো এই নম্বরে— **9903985050**